আজকের কাগজ

তারিখ ... 19 OCT 1992 ... পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

৮২

142

# যশোর জেলা ও কেশবপুর থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

যশোর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও কেশবপুর থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ২-৬-৯২ তারিখে (স্মারক নং মাপ্র/গ/কেশ জাতীয়করণ) ৯২/৪৫১/১৬ যশোর জেলার কেশবপুর থানার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০ জন প্রধান শিক্ষককে ১৯৭৩ সালের ১ জুলাই থেকে আত্মীকৃত করা হয় উল্লেখ করে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা, বাংলাদেশ-এর স্মারক নং ৮২৬, তারিখ ২৬-১১-৮৯-এর আলোকে উক্ত ১০ জন শিক্ষককে প্রধান শিক্ষকের পদে পুনঃবহাল করে আর্থিক সুবিধাদিদানের আদেশ দেন। কিন্তু জেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য মহাপরিচালকের উক্ত দাফতরিক আদেশটি ছিলো ঝিনেদা জেলার শৈলকুপা থানার আশরাফুল ইসলামসহ নয় জনের জন্যে। কিন্তু জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও কেশবপুর থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা স্বার্থের বিনিময়ে অবৈধ পথে উক্ত শিক্ষকদের প্রধান শিক্ষকের পদে পুনঃবহাল করেছেন।

এছাড়া উক্ত শিক্ষকদের পুনঃবহাল কার্যকরি করতে যেয়ে জালিয়াতির আশ্রয় নেয়ারও অভিযোগ পাওয়া যাচ্ছে। মাসিক রিটার্ন দাখিলে পুনঃবহালকৃত জনৈক শিক্ষক সহকারী শিক্ষক হিসেবে জুন '৯২-তে ৯ তারিখ পর্যন্ত স্বাক্ষর করলেও পুনঃবহাল বৈধ করতে তড়িঘড়ি করে রিটার্ন পাল্টে ৬ তারিখ থেকে প্রধান শিক্ষক হিসেবে স্বাক্ষরযুক্ত রিটার্ন দাখিল করেছেন। বিষয়টি তদন্তের জন্যে সাধারণ শিক্ষকরা শিক্ষা অধিদফতরের উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন। কেশবপুর থেকে আনন্দকুমার দাস।